দৈনিক বাংলা

তারিখ 06 MAR 1993
পৃষ্ঠা ৬ কলাম ৭

# এবার পঞ্চম শ্রেণীর ছাত্ররাও এসএসসি পরীক্ষা দিচ্ছে

সংবাদদাতা ঃ কুষ্টিয়া, ৫ মার্চ।– কুষ্টিয়ায় এবার নবম–অষ্টম শ্রেণীর ছাত্র–ছাত্রীরা প্রাইভেট এসএসসি পরীক্ষা দেবার প্রস্তুতি নিচ্ছে। এসব প্রাইভেট পরীক্ষার্থীর মধ্যে পঞ্চম শ্রেণীর ছাত্র–ছাত্রীরাও রয়েছে। তারা কুষ্টিয়া জেলা স্কুলে প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে ফরম পূরণ করেছে।

জানা যায়, কোন রকমে তারা অষ্টম শ্রেণী পাস সার্টিফিকেট দিয়েই প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে ফরম পূরণ করেছে। এ সুযোগে কিছু কিছু স্কুলের প্রধান শিক্ষক ও অফিস সহকারীরা কিছু টাকা– পয়সা হাতিয়ে নিয়েছে।

এবার কুষ্টিয়া জেলা স্কুলে ২ হাজার ৮৮৪ জন প্রাইভেট এসএসসি পরীক্ষার্থীর মধ্যে প্রায় ২ হাজার ছাত্র–ছাত্রী শুধু অষ্টম শ্রেণী পাস সার্টিফিকেট দিয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ নেয়। যা গত বছরের তুলনায় প্রায় ৪ গুণ বেশী।

জানা যায়, এ ছাড়া এই সুযোগ গ্রহণের জন্য সদ্য সমাপ্ত নিয়মিত নির্বাচনী পরীক্ষায় অনুত্তীর্ণ ছাত্র–ছাত্রীরাও. এবং যারা আদৌ কোথাও পড়ছে না এমন অনেকেই জাল ছাড়পত্র সংগ্রহ করে নির্বাচনী পরীক্ষায় অংশনিয়েছে।

এমনকি ছাত্র–ছাত্রীদের অভিভাবক পর্যন্ত বিদ্যালয় থেকে ছাড়পত্র নিয়ে গেছেন।